দৈনিক বাংলা

তারিখ 26 FEB 1987
পৃষ্ঠা 1 কলাম 7

৬৭

## ভুলে ভর্তি বোর্ডের বই

# কালিদাস মহাভারত রচনা করেছেন!

॥ দিলীপ দেবনাথ ॥

কালিদাস মহাভারত রচনা করেছিলেন এমন চমকপ্রদ তথ্য জানতে চাইলে টেক্সটবুক বোর্ডের বই পড়ুন। পঞ্চম শ্রেণীর পরিবেশ পরিচিতি (সমাজ) বইয়ে এই তথ্যটি পরিবেশন করা হয়েছে।

বোর্ডের বইয়ে শুধু এ ধরনের তথ্যগত ভুল নয়, ভুল আছে বানানে, বাক্য গঠনে ও শব্দ প্রয়োগে। ত্রুটি রয়েছে অনুচ্ছেদ রচনায় ও ভাষা ব্যবহারে।

তৃতীয় শ্রেণীর সমাজ বইটির ভুল নিয়ে শুরু করা যাক। এই বইয়ের প্রথম পৃষ্ঠার একটি বাক্য—তাদেরও এক একটি পরিবার। আরেকটি বাক্য, কালবৈশাখীর ঝড় আসে। দুটি বাক্যই ভুল।

প্রথম বাক্যটি হবে তাদেরও রয়েছে এক একটি পরিবার অথবা তারাও এক একটি পরিবার। দ্বিতীয় বাক্যে 'ঝড়' শব্দটি অপ্রয়োজনীয়।

বইটিতে এছাড়াও বিভিন্ন ক্রিয়া পদের একই ধরন ব্যবহার করা হয়নি। প্রয়োজনীয় জায়গায় ব্যবহার করা হয়নি সর্বনাম। [illegible]

(৫-এর পৃঃ দ্রঃ)

দৈনিক বাংলা

তারিখ 26 FEB 1987
পৃষ্ঠা 1 কলাম 7

## মহাভারত রচনা করেছেন

(প্রথম পৃঃ পর)

ভাষার সৌন্দর্য নষ্ট হয়েছে। যেমন, বইটি শুরু হয়েছে, 'আমরা মা-বাবা, ভাই-বোন নিয়ে একসঙ্গে বাস করি। মা-বাবা, ভাই-বোন নিয়ে আমাদের পরিবার।' দ্বিতীয় বাক্যটিতে 'মা-বাবা, ভাই-বোন' এর বদলে 'তাদের' সর্বনাম পদটি এখানে সহজেই ব্যবহার করা যেত। কিন্তু করা হয়নি।

সম্মান দেখাতে গিয়ে বইয়ে পেশাজীবীদের সবার সর্বনাম পদে অহেতুক চন্দ্রবিন্দু ব্যবহার করা হয়েছে। অথচ বাড়ির কাজের লোকটির সর্বনাম ব্যবহার করা হয়েছে 'তিনি' নয়—'সে'।

ভুল ক্রিয়াপদ বব্যহারের একটি উদাহরণ, ফুফুদের বিয়ের পর তারা অন্য পরিবারে চলে গেলেন। বাক্যটি শুদ্ধ হলেও অনুচ্ছেদের অন্য বাক্য বা ভাব অনুযায়ী এটি হওয়া উচিত 'গেছেন'।

তৃতীয় শ্রেণীর সমাজে উপগ্রহের মাধ্যমে যোগাযোগ, আদিম মানুষের আগুন জ্বালানোর ছবি দেয়া আছে। কিন্তু বইয়ে এ সম্পর্কে কোন বর্ণনা নেই।

বইয়ে চলতি শব্দ ব্যবহার করা হলেও 'কাঠুরিয়া' জাতীয় শব্দের ব্যবহার রচনাকে ক্ষুণ্ণ করেছে।

চতুর্থ শ্রেণীর সমাজ বইয়ে ভুল বানানের ছড়াছড়ি। ভাষা নিম্নমানের। ৭২ পৃষ্ঠায় সাঁওতালদের সম্পর্কে রচনাটির ৫টি অনুচ্ছেদই শুরু হয়েছে 'সাঁওতাল' শব্দ দিয়ে। অথচ সহজেই এতে সর্বনাম ব্যবহার করা যেত।

বইটির ১৭ পৃষ্ঠায় দ্বিতীয় অধ্যায় শুরু হয়েছে এভাবে—'মাটি, জলবায়ু, গাছ, পশু-পাখি নিয়ে আমাদের প্রাকৃতিক পরিবেশ। গাছপালা, জীবজন্তু জৈব। এদের প্রাণ আছে। এদেরকে জৈব পরিবেশ বলে।'

'গাছপালা, জীবজন্তু জৈব' বাক্যটি ভুল। 'জৈব' শব্দটি বিশেষণ; এর বিশেষ্য পদ হিসেবে ব্যবহার হয় না। আর গাছপালা জীবজন্তুকে জৈব পরিবেশ বলে না বলে ৪র্থ বাক্যটিও অর্থহীন অথবা ভুল। এমনি ধরনের ভুল এই বইয়ে প্রায় সর্বত্র।

বইয়ে ডাইনোসর ও তাদের অবলুপ্তির কথা আছে। কিন্তু অন্য প্রাণীর উদ্ভব সম্পর্কে কোন কথা নেই। তাই দ্বিতীয় অধ্যায়টি খাপছাড়া মনে হয়।

পঞ্চম শ্রেণীর সমাজ বই থেকে আমরা জানতে পারি কালিদাস নাকি মহাভারত লিখেছিলেন।

এই বইয়েরই আরেকটি প্রশ্নের নমুনা। সঠিক উত্তরটির পাশে টিক চিহ্ন দাও: জাতীয় পতাকার রং হচ্ছে—(ক) উজ্জ্বল লাল, (খ) রক্তের মত লাল, (গ) গাঢ় লাল, (ঘ) হাল্কা লাল।

এতে ছাত্ররা কোনটিতে টিক চিহ্ন দেবে? আসলে এই প্রশ্নটিই ভুল ও বিভ্রান্তিকর। কারণ আমাদের জাতীয় পতাকার রং লাল নয়।

এতসবের পরেও বোর্ড যে দেশের ছেলেমেয়েদের হাতে বই তুলে দিচ্ছে সেটাই ভাগ্য।